

রোকেয়া বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা : হল বন্ধের সিদ্ধান্ত প্রত্যাহার দাবি শিক্ষার্থীদের

প্রতিনিধি, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়

আসন্ন ৬, ৭, ৮ ও ১০ ডিসেম্বর বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ে স্নাতক (সন্মান) ১ম বর্ষের ভর্তি পরীক্ষা উপলক্ষে ৪ থেকে ১০ ডিসেম্বর বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলসমূহ বন্ধ রাখার সিদ্ধান্তের প্রতিবাদে বিক্ষোভে ফুসে উঠেছে হলের শিক্ষার্থীরা। শীঘ্রই এই সিদ্ধান্ত প্রত্যাহারের দাবিতে গত রোববার সাধারণ শিক্ষার্থীদের ব্যানারে ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে আবাসিক হলের শিক্ষার্থীরা। শিক্ষার্থীদের আবাসন সংকটমহ নানাবিধ ভোগান্তির কথা চিন্তা করে অনতিবিলম্বে এই সিদ্ধান্ত প্রত্যাহার করা না হলে আবাসিক হলগুলো ত্যাগ না করা পর্যন্ত (জোরপূর্বক হলে অবস্থান করা) আরও কঠোর কর্মসূচির ঈশ্বর্যি দিয়েছেন তারা। সমাবেশে সাধারণ শিক্ষার্থীদের পক্ষে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের আবাসিক শিক্ষার্থী মোর্শেদ জামিল এই সিদ্ধান্তকে দেশের নজিরবিহীন সিদ্ধান্ত উল্লেখ্য করে বলেন, 'বাংলাদেশের কোন বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষার সময় হল বন্ধ রাখে না। কিন্তু আমাদের বিশ্ববিদ্যালয় প্রশাসন সাধারণ শিক্ষার্থীদের কথা চিন্তা না করেই এই অযৌক্তিক সিদ্ধান্ত নিয়েছেন। তিনি আরও বলেন, 'যদি বিশ্ববিদ্যালয় প্রশাসন তাদের এ সিদ্ধান্ত থেকে সরে না আসেন তবে আমরাও হল ত্যাগ করব না।' এ সময় ছাত্র ইউনিয়নের সভাপতি এলমিনা মনি, সাধারণ শিক্ষার্থীদের সঙ্গে একমত প্রকাশ করে বলেন, 'বিশ্ববিদ্যালয়ের মেয়েদের একটি ও ছেলের দুটিসহ মোট তিনটি হলে প্রায় ১০০০ শিক্ষার্থী থাকেন। আর ভর্তি পরীক্ষার সময় হল বন্ধ রাখলে এই শিক্ষার্থীরা কোথায় থাকবেন সে বিষয়ে বিশ্ববিদ্যালয় প্রশাসনকে একটু ভেবে দেখা উচিত। অন্যথায় এ অযৌক্তিক সিদ্ধান্তের বিরুদ্ধে বহুরঙ্গ আন্দোলন গড়ে তোলা হবে। তিনি আরও বলেন, 'হলে ধার্যকৃত অতিরিক্ত ফি প্রত্যাহার করতে হবে।' বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের প্রভোস্ট কমলেশ চন্দ্র রায় বলেন, 'এটা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের সিদ্ধান্ত। কাজেই তিনি যা বলবেন তাই আমাদেরও মানতে হয়।'